

স্মারক নং-১২.০১.০০০০.০০০.১৪.০১৬.২০/৭০৮-(৫৮২)

তারিখঃ ১০/০৯/২০২৩খ্রিঃ

বিষয়ঃ উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কম্বাইন হারভেস্টার যন্ত্রের ব্যবহার উত্তর ব্যবস্থাপনা কার্যক্রম গ্রহন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছর হতে উন্নয়ন সহায়তায় কৃষকদের মাঝে ধান কর্তনযন্ত্র কম্বাইন হারভেস্টার বিতরণ করা হচ্ছে। আমন ও বোরো মৌসুমের ধান সংগ্রহের পর কম্বাইন হারভেস্টার যন্ত্রগুলো সংরক্ষণের যথাযথ উদ্যোগ নিতে হবে। ধান কাটার মৌসুমে কম্বাইন হারভেস্টারের সর্বাধিক ব্যবহার করার পরেও বছরের প্রায় ৯-১০ মাস যন্ত্রগুলো অব্যবহৃত থাকে। যান্ত্রিকীকরণের দীর্ঘ মেয়াদী সুফল পাওয়ার লক্ষ্যে উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কম্বাইন হারভেস্টার যন্ত্রগুলো সংরক্ষণের জন্য কৃষকের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহন করতে আপনাকে অনুরোধ করা হলো।

**কম্বাইন হারভেস্টার সংরক্ষণের জন্য নিম্ন লিখিত ব্যবস্থা গ্রহন করতে হবেঃ**

- ✓ প্রত্যেকেটি কম্বাইন হারভেস্টারের জন্য স্বল্পখরচে হলেও সংরক্ষণাগার তৈরির ব্যবস্থা করতে হবে।
- ✓ সংরক্ষণাগারের মেঝে অবশ্যই পাকা ও সমতল হতে হবে। সংরক্ষণাগারে হারভেস্টার রাখার সময় কাটিং অংশটি নিচু করে রাখতে হবে।
- ✓ কম্বাইন হারভেস্টার সংরক্ষণাগারে রাখার পূর্বে করণীয়
  - মেশিনের ভিতরে আটকে থাকা সকল খড়কুটো দূর করতে হবে।
  - ক্রাওলার পানি দিয়ে পরিষ্কার করতে হবে।
  - ক্রাওলারের টেনশন কমিয়ে লুজ করে রাখতে হবে।
  - কাটারবার থেকে কাঁদা ও খড়কুটো দূর করতে হবে।
  - উপরের ও নিচের কাচির মধ্যে লুব্রিকেন্ট দিতে হবে।
  - সকল চইনে লুব্রিকেন্ট দিতে হবে।
  - কনভেয়োরে লেগে থাকা সকল কাঁদা দূর করতে হবে।
  - কনভেয়োরের উপরের অংশে লুব্রিকেন্ট দিতে হবে।
  - প্রত্যেকেটি নাট-বোল্ট টাইট করে, বোল্ট লুজ করে রাখতে হবে।
  - সকল নয়িল্ডন লভিরগুলো বন্ধ রাখতে হবে।
  - জ্বালানী ট্যাঙ্ক জ্বালানী দ্বারা পূর্ণ রাখতে হবে।
  - ব্যাটারী ১০০% চার্জ করতে হবে।
- ✓ কম্বাইন হারভেস্টার প্রতি ১৫ দিন অন্তর স্টার্ট দিতে হবে অন্যথায় ব্যাটারীসহ অন্যান্য অনেক অংশ নষ্ট হয়ে যেতে পারে।

প্রাপক

উপজেলা কৃষি কর্মকর্তা

..... উপজেলা।

..... জেলা।

(তারিক মাহমুদুল ইসলাম)  
প্রকল্প পরিচালক  
ফোন: ০২-৫৫০২৮৪২৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।

২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।

৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... অঞ্চল.....।

৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ..... জেলা।